

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
ক্রয় ও সংগ্রহ অধিশাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.১৬৫.০২৭.০১.০০.০০১.২০১৬-১০৯

তারিখ: ০৯-০৬-২০১৬ খ্রি:


বিষয়: অসাধু ঠিকাদারী প্রতিষ্ঠান কালো তালিকাভুক্তকরণ

সূত্র : দুর্নীতি দমন কমিশনের স্মারক নং-০০.০১.০০০০.৫০১.৯৯.০০৫.১৯.৪৮৩৫৯, তারিখ-১২-১২-২০১৯ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রে দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা কর্তৃক সরকারি অর্থের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণসহ ক্রয় কার্যক্রমে স্বচ্ছতা আনয়ন এবং দুর্নীতি, প্রতারণা ও চক্রান্তমূলক কার্যক্রম প্রতিরোধকল্পে ১৪ (চৌদ্দ)টি ঠিকাদারী প্রতিষ্ঠানসহ উক্ত ঠিকাদারী প্রতিষ্ঠানের স্বত্বাধিকারীগণের বিরুদ্ধে অর্থ আত্মসাতের অভিযোগে রুজুকৃত মামলার তালিকা প্রেরণ করে সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠানসহ প্রতিষ্ঠানের স্বত্বাধিকারীগণকে কালো তালিকাভুক্ত করা প্রয়োজন মর্মে অভিমত প্রেরণ করা হয় (কপি সংযুক্ত)।

এমতাবস্থায়, দুর্নীতি দমন কমিশন এর অভিমতের আলোকে সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠানসহ প্রতিষ্ঠানের স্বত্বাধিকারীগণের বিষয়ে দুদকের সুপারিশ মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে

  
(হাসান মাহমুদ)  
উপসচিব  
ফোনঃ ৯৫৪০৬৪৫

বিতরণ:

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তৌর অধিনস্থ সকল কার্যকারীকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)
- ২। পরিচালক, কেন্দ্রীয় ঔষধাগার, তেজগাঁও, ঢাকা
- ৩। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
- ৩। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
- ৪। ব্যবস্থাপনা পরিচালক, ইডিসিএল, তেজগাঁও ঢাকা।
- ৫। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (স্বাস্থ্য উইং), গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।